

এনবিআরে ই-রিটার্ন সার্ভিস সেন্টার উদ্বোধন

- A Monitor Desk Report

Date: 23 September, 2024



ঢাকাঃ ই-রিটার্ন সিস্টেমের সহায়তার জন্য সার্ভিস সেন্টারের উদ্বোধন করেছে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর)।

সোমবার (২৩ সেপ্টেম্বর) সকালে আগারগাঁওয়ে এনবিআরে ই-রিটার্ন সার্ভিস সেন্টার উদ্বোধন করেন এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এবং বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের হেড অব কো-অপারেশনের প্রধান মিশেল ফ্রেজা। এ সময় এনবিআরের সব সদস্য ও অন্যান্য উচ্চপদস্থ কর্মকর্তা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

নতুন এই সার্ভিস সেন্টারটি ই-রিটার্ন সিস্টেম ব্যবহার করে করদাতাদের রিটার্ন দাখিল ও কর পরিপালন সহজ করতে সহায়তা প্রদান করবে। ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) পাবলিক ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রামের সহায়তায় ওই সার্ভিস সেন্টারটি পরিচালিত হচ্ছে।

উদ্বোধনকালে এনবিআর চেয়ারম্যান বলেন, করদাতারা যাতে দ্রুত ও মানসম্মতভাবে সেবা পেতে পারেন, সে উদ্দেশ্যে এনবিআরের সমস্ত লেনদেন ডিজিটাল ফর্মে রূপান্তরিত করা হবে। এজন্য আমাদের কার্যক্রম চলমান রয়েছে। জাতিসংঘের ই-গভর্নমেন্ট ডেভেলপমেন্ট সার্ভিসেস ইনডেক্স অনুযায়ী, সম্প্রতি বাংলাদেশ ১১ ধাপ এগিয়ে দক্ষিণ এশিয়া এবং বৈশ্বিক গড়কেও ছাড়িয়ে গেছে। এলডিসি দেশগুলোর মধ্যে সর্বোচ্চ ইজিডিআই মান অর্জন করেছে।

তিনি বলেন, এনবিআর আগামী মাসগুলোতে ডিজিটাল ট্রান্সফরমেশনের লক্ষ্যে কাজ করে যাবে, যার একটি অংশ এই ই-রিটার্ন সার্ভিস সেন্টারটি।

তিনি ইউরোপীয় ইউনিয়নের পাবলিক ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট প্রোগ্রামের অংশ হিসেবে আয়কর বিভাগের ডিজিটাল ট্রান্সফরমেশনে রূপান্তরের ক্ষেত্রে ই-রিটার্ন সিস্টেমের উন্নয়ন এবং সার্ভিস সেন্টার পরিচালনায় সহায়তার জন্য ইউরোপীয় ইউনিয়নের প্রতিনিধিকে ধন্যবাদ জানান।

মিশেল ক্রেজা এনবিআরকে ই-রিটার্ন সিস্টেমের সফল বাস্তবায়ন এবং এই সার্ভিস সেন্টার প্রতিষ্ঠার জন্য ধন্যবাদ ও অব্যাহত সহায়তার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

সার্ভিস সেন্টারটি সব কর্মদিবসে সকাল ৯টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ০৯৬৪৩৭১৭১৭১ নম্বরে ফোন করে করদাতারা ই-রিটার্ন সংক্রান্ত প্রশ্নের তাৎক্ষণিক টেলিফোনিক সমাধান পাবেন। এছাড়া www.etaxnbr.gov.bd এর eTax Service অপশন হতে করদাতারা ই-রিটার্ন সংক্রান্ত যে কোনো সমস্যা লিখিতভাবে জানাতে পারবেন ও সমাধান পাবেন বলে জানিয়েছে এনবিআর।

-B